

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজকল্যাণ মন্ত্রণালয়  
আইসিটি ও ইনোভেশন শাখা  
বাংলাদেশ সচিবালয়  
www.msw.gov.bd

একই স্মারক ও  
তারিখে স্থলাভিষিক্ত

স্মারক নম্বর: ৪১.০০.০০০০.০২২.৯৯.০০১.১৯.৩৭(২)

তারিখ: ৪ মাঘ ১৪২৫

১৭ জানুয়ারি ২০১৯

বিষয়: সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সাথে সম্পৃক্ত বর্তমান সরকারের প্রতিশ্রুতি/ অঙ্গীকার সমূহ সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে কমিটি গঠন এবং পরবর্তী করণীয় শীর্ষক আলোচনা সভা

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৩/০১/২০১৯ ইং তারিখ সমাজকল্যাণ মন্ত্রণালয়ে সচিব মহোদয়ের সভাপতিত্বে "বর্তমান সরকারের অঙ্গীকারসমূহ বাস্তবায়ন শীর্ষক পর্যালোচনা সভা" অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সাথে সম্পৃক্ত বর্তমান সরকারের প্রতিশ্রুতি/ অঙ্গীকার সমূহ সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রণালয়ের আওতাধীন প্রত্যেক দপ্তর/ সংস্থা থেকে একজন প্রতিনিধি নিয়ে একটি কমিটি গঠনসহ গুরুত্বপূর্ণ কিছু সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, আগামী ২০/০১/২০১৯ ইং তারিখ, রবিবার বিকাল ৩.০০ ঘটিকায় "বর্তমান সরকারের অঙ্গীকারসমূহ বাস্তবায়ন" শীর্ষক আলোচনা সভা অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) এর সভাপতিত্বে তাঁর অফিসকক্ষে (রুম নং-৭১৪, ৮ম তলা, ভবন ৬, বাংলাদেশ সচিবালয়) অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, "বর্তমান সরকারের অঙ্গীকারসমূহ বাস্তবায়ন কমিটি" তে অন্তর্ভুক্তির লক্ষ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন প্রত্যেক দপ্তর/সংস্থা থেকে একজন প্রতিনিধির নাম নিম্নসাক্ষরকারী বরাবর আগামী ১৬/০১/২০১৯ ইং তারিখের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

সংযুক্তি: ০৩/০১/২০১৯ ইং তারিখ সমাজকল্যাণ মন্ত্রণালয়ে সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

১৭-১-২০১৯

মোঃ মাসুদুল হক ভূঁইয়া

সিস্টেম এনালিস্ট

ফোন: ৯৫৪০৫৫০

ফ্যাক্স: +৮৮০২ ৯৫৭৬৬৮৫

ইমেইল: sa@msw.gov.bd

বিতরণ :

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, সমাজসেবা অধিদফতর
- ২) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, সমাজকল্যাণ মন্ত্রণালয়

- ৩) ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন
- ৪) নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
- ৫) ব্যবস্থাপনা পরিচালক, নিউরো-ডেভেলপেমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, সমাজসেবা অধিদফতর (১০ম তলা), আগারগাঁও, ঢাকা।
- ৬) নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট (বাংলাদেশ), বনানী, ঢাকা।
- ৭) যুগ্মসচিব, কার্যক্রম অধিশাখা, সমাজকল্যাণ মন্ত্রণালয়
- ৮) নির্বাহী পরিচালক, শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, স্টেশন রোড, টংগী, গাজীপুর।
- ৯) উপসচিব, নিরাপত্তা-২ অধিশাখা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিনিধিদের সচিবালয়ে প্রবেশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ১০) উপসচিব, প্রশাসন -১ শাখা, সমাজকল্যাণ মন্ত্রণালয় ( ১৫ জনের আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ১১) উপসচিব, প্রশাসন-৬ (দপ্তর ও সংস্থা), সমাজকল্যাণ মন্ত্রণালয়
- ১২) প্রোগ্রামার, আইসিটি ও ইনোভেশন শাখা, সমাজকল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৩) ....., .....

স্মারক নম্বর: ৪১.০০.০০০০.০২২.৯৯.০০১.১৯.৩৭(২)/১(৪)

তারিখ: ৪ মাঘ ১৪২৫  
১৭ জানুয়ারি ২০১৯

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ১) পরিচালক, পরিচালক - ৩, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ২) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব-মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য, মন্ত্রীর দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়
- ৩) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব-প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য, মন্ত্রীর দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়
- ৪) সচিব মহোদয়ের একান্ত সচিব-সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য, সচিবের দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়



১৭-১-২০১৯

মোঃ মাসুদুল হক ভূঁইয়া  
সিস্টেম এনালিস্ট